

যৌথ জরিপের ফলাফল

## বস্তি এলাকার মাত্র ৪৮ ভাগ শিশু প্রাথমিক শিক্ষা সম্পন্ন করে

যুগান্তর রিপোর্ট

মুহুরের বস্তি এলাকার শিশু ও মহিলাদের অধিকাংশ দেশের বাকি অঞ্চলের শিশু ও মহিলাদের তুলনায় বেশি মাত্রায়। বস্তি এলাকার প্রাথমিক বিদ্যালয় থেকে করে পড়ার হার জাতীয় গড় হারের চেয়ে ৬ ও ৩ গ বেশি। বাংলাদেশ শিশুসংখ্যান ব্যুরো (বিবিএস) ও ইউনিসেফ পরিচালিত 'মাস্ট্রিপল ইন্ডিক্সের স্ট্যাটার' সার্ভে (এমআইসিএস)-২০০৯ সর্বক মহিলা ও শিশু পরিষ্কৃতি বিষয়ক জাতীয় জরিপে এ তথ্য প্রকাশ করা হয়। বুধবার রাজধানীর হোটেল সোনারনাগরে আয়োজিত অনুষ্ঠানের মাধ্যমে জরিপের ফলাফল ঘোষণা করা হয়।

বিবিএসের মহাপরিচালক মোঃ শাহজাহান আলী মোস্তাফিজ সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন পরিকল্পনামন্ত্রী এমর জাইন মার্গাল (অব.) এ. কে. কদকার। বিশেষ অতিথির বক্তব্য রাখেন মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী ড. গিরিন চৌধুরী, ইউনিসেফ প্রতিনিধি কারল ডি হে। আরও বক্তব্য রাখেন পরিকল্পনা মন্ত্রণালয়ের পরিসংখ্যান বিভাগের সচিব দিতি উল্লাহিত ও বিবিএস এমএসসিডপ্লিট প্রকল্প পরিচালক মোঃ শামসুল আশম।

প্রধান অতিথির বক্তব্যে পরিকল্পনামন্ত্রী বলেন, সরকার ৬ষ্ঠ পঞ্চবর্ষিক পরিকল্পনা তৈরি করেছে। এ পরিকল্পনা বাস্তবায়নে করণীয় নির্ধারণ করতে এ জরিপ বহুলাংশে কাজে লাগবে। বিশেষ করে শিক্ষা, স্বাস্থ্য, পরিবেশ ও শিশুর নিরাপত্তা নিশ্চিতকরণে জরিপের ডিহিতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করলে সুফল পাওয়া যাবে। জরিপে বলা হয় শহরের বস্তি এলাকায় শিশু ও মহিলাদের অধিকাংশ দেশের অন্যান্য অঞ্চলের তুলনায় বেশি মাত্রায়। উদাহরণ হিসেবে বলা যায়, বস্তি এলাকায় প্রথম শ্রেণীতে উর্ভ হয় লক্ষ্য শ্রেণী পর্যন্ত পড়াশোনা

চাপিয়ে যাওয়া ছাত্রছাত্রীর হার ৪৮ শতাংশ। এর বিপরীতে সবচেয়ে কম উন্নত জেলা কুষ্টিয়ার হার ৫৪ শতাংশ এবং জাতীয় গড় ৭৯ শতাংশ ৮ শতাংশ।